

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৪.২০১৪- ১৬৮০

তারিখঃ ০৯.০৯.২০১৮

বিষয়ঃ বিএসআর (পার্ট-১)-৩৪ বিধি মতে 'চাকরি অবসান' সংক্রান্ত কারণ দর্শানোর নোটিশ।

যেহেতু আপনি ডাঃ গুলশান-ই-জাহান (৪১২৮১), প্রাক্তন সহকারী অধ্যাপক (চঃদাঃ), গাইনী, সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ, সিলেটকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পার-১ শাখার ১৭.০৫.২০০৯ তারিখের পার-১/বদলি(বিবিধ)-০৮/২০০৯-৪৩০নং প্রজ্ঞাপনে এম এ জি ওসমানী মেডিকেল কলেজ, সিলেট হতে বদলিপূর্বক স্বাস্থ্য অধিদপ্তরে ওএসডি করে রংপুর মেডিকেল কলেজে সংযুক্তি প্রদান করা হলে আপনি বদলিকৃত কর্মস্থলে যোগদান করেননি;

যেহেতু, আপনি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২৯.০৪.২০০৯ তারিখের পার-৫/ছুটি-০৩/বহিঃঅঃ/(ব্যক্তিগত)/২০০৯-৫৪০নং প্রজ্ঞাপন মোতাবেক ১৯.০৫.২০০৯ তারিখ হতে ০৪.০৬.২০০৯ তারিখ পর্যন্ত বহিঃ বাংলাদেশ ছুটি ভোগ শেষে বদলিকৃত কর্মস্থলে বিধিসম্মত যোগদানপত্র দাখিল করেননি;


যেহেতু, আপনি বদলিকৃত কর্মস্থলে যোগদান না করে এবং বদলি আদেশ বাতিলের আবেদন করে গত ০৫.০৬.২০০৯ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, গত ১৯.০৫.২০০৯ তারিখ হতে কর্মস্থলে আপনার অনুপস্থিতির মেয়াদ একনাগাড়ে প্রায় ০৫ বছর ০২ মাস;

যেহেতু আপনার এ অননুমোদিতভাবে অনুপস্থিতি প্রশাসনিক শুংখলা পরিপন্থি একটি গর্হিত কাজ;

যেহেতু, বিএসআর (পার্ট-১) বিধি-৩৪ মতে একনাগাড়ে ০৫(পাঁচ) বছরের অধিক সময় কর্মস্থলে অনুপস্থিতিতে গত ২০.০৫.২০১৪ আপনার 'চাকুরি অবসান' ঘটেছে মর্মে গণ্য;

এক্ষণে, সেহেতু, বিএসআর (পার্ট-১) বিধি-৩৪ মোতাবেক আপনার চাকুরির অবসান ঘটেছে মর্মে কেন আদেশ জারি করা হবে না এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট তঁার কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল।


২৫: ৬.১৪.
(এম. এম. নিয়াজউদ্দিন)
সচিব


ডাঃ গুলশান-ই-জাহান (৪১২৮১)
প্রাক্তন সহকারী অধ্যাপক (চঃদাঃ), গাইনী
সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ, সিলেট
(স্থায়ী ঠিকানাঃ রেনেসা-৫০, ব্লক-বি, রোড-৪, সুরমা আবাসিক এলাকা, আখালিয়া, সিলেট)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৪.২০১৪- ১৬৮০(১)(৪)

তারিখঃ ০৯.০৯.২০১৪

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হল)
- ৩। অধ্যক্ষ, সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ, সিলেট (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার নিকট জারীপূর্বক জারীর প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল)
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)


(মোঃ আনোয়ার হোসেন)

সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৬৬৫৫

sasdisc1@mohfw.gov.bd